

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ভূমি সংস্কার বোর্ড  
শাখা-৬ (প্রশিক্ষণ)  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.lrb.gov.bd](http://www.lrb.gov.bd)

বিষয় : ই-নামজারি অগ্রগতি বিষয়ক ত্রৈমাসিক পর্যালোচনা সভার কার্যবিবরণী।  
সভাপতি : জনাব মো. আবদুল মান্নান  
চেয়ারম্যান (সরকারের সচিব)  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।  
তারিখ : ০৫ ফেব্রুয়ারি ২০২০  
সময় : সকাল ১১:০০ ঘটিকা  
স্থান : ভূমি সংস্কার বোর্ডের সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিতি-পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভাকে অবহিত করেন যে চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড ও সচিব, ভূমি মন্ত্রণালয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর কৌশলগত উদ্দেশ্যভূক্ত কর্মসম্পাদন সূচক [২.১.৫]এ ই-মিউটেশন বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে, সে আলোকেই ই-মিউটেশন বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক পর্যালোচনা সভা আয়োজন করা হয়েছে। এ পর্যায়ে সভাপতির অনুমতিক্রমে সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬ মোঃ রেজাউল কবীর সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন।

২। ই-মিউটেশন মনিটরিং ড্যাসবোর্ড হতে প্রাপ্ত ই-নামজারির গত ৩ ফেব্রুয়ারি ২০২০ পর্যন্ত জেলা ও উপজেলাভিত্তিক অগ্রগতি সভায় উপস্থাপন ও পর্যালোচনা করা হয় এবং গত ৩ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত অর্জিত জেলা ও উপজেলাভিত্তিক অগ্রগতির তুলনামূলক পর্যালোচনা করা হয়।

৩। ভূমি সংস্কার বোর্ডের উপ-ভূমি সংস্কার কমিশনার সর্ব জনাব এ.জি.এম. মীর মশিউর আলম ও কাজী মেরাজ হোসেন মাঠ পর্যায়ে দ্রুত ও কার্যকরভাবে ই-নামজারি বাস্তবায়নের লক্ষ্যে তাঁদের মতামত সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন বেগম তসলিমা নূর হোসেন, ন্যাশনাল কনসালট্যান্ট A2i প্রকল্প।

৪। এ পর্যায়ে সভাপতি ই-নামজারির সার্বিক বিষয় নিয়ে আলোকপাত করেন এবং ই-নামজারির বিষয়ে কতিপয় গর্ষবেক্ষণ তুলে ধরেন। তিনি বলেন, এপিএ ২০১৯-২০২০ এ ই-নামজারির লক্ষ্যমাত্রা (৮৪%) অর্জনের নিমিত্ত অবশ্যই টার্গেট করে সকল কার্যক্রম পরিচালনা করতে হবে এবং মুজিব বর্ষকে সামনে রেখে শতভাগ ই-নামজারি অর্জনের জন্য কাজ করে যেতে হবে।

৫। ই-মিউটেশনের সামগ্রিক অগ্রগতি পর্যালোচনায় দেখা যায় যে, কতিপয় জেলার (যেমন- গাজীপুর, নারায়ণগঞ্জ, ফেণী, চাঁপাইনবাবগঞ্জ, ভোলা, ময়মনসিংহ) ও কতিপয় উপজেলার (যেমন-ঢাকা জেলার দোহার, কেরানীগঞ্জ, কেরানীগঞ্জ দক্ষিণ উপজেলা/সার্কেল ভূমি অফিস, নারায়ণগঞ্জ জেলার সদর, চাঁপাইনবাবগঞ্জ জেলার নাচোল, চাঁপাইনবাবগঞ্জ সদর, নাটোর জেলার নলডাংগা, বরিশাল জেলার মেহেন্দিগঞ্জ, মুলাদী, পটুয়াখালী জেলার দশমিনা, কক্সবাজার জেলার কুতুবদিয়া, ব্রাহ্মণবাড়িয়া জেলার আখাউড়া উপজেলা ভূমি অফিস) সার্বিক অগ্রগতি হতাশাজনক। সভাপতি এতে অসন্তোষ প্রকাশ করেন এবং ৮ টি বিভাগের মধ্যে যেসব জেলা/উপজেলার অগ্রগতি সর্বনিম্নে রয়েছে এমন দপ্তরের তালিকা করে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে পত্র প্রদানের অভিমত ব্যক্ত করেন। ই-মিউটেশনের কাংখিত লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের গত ৩ মাসের পরিদর্শন পর্যালোচনা, ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, A2i ও সংশ্লিষ্ট আইটি প্রতিষ্ঠানকে নিয়ে সভা আয়োজন করা ইত্যাদি নিয়ে আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

সিদ্ধান্ত	বাস্তবায়ন
সিদ্ধান্ত-(ক) আগামী ০৬/০২/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে বেগম রাবেয়া বসরী, সহকারী ভূমি সংস্কার কমিশনার ঢাকা জেলার কেরানীগঞ্জ ও কেরানীগঞ্জ দক্ষিণ উপজেলা ভূমি অফিস এবং জনাব মোহাম্মদ মামুন শিবলী, সহকারী ভূমি সংস্কার কমিশনার ঢাকা জেলার দোহার উপজেলা ভূমি অফিস পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করবেন।	সহকারী ভূমি সংস্কার কমিশনার-৩/৪
সিদ্ধান্ত-(খ) ৮ টি বিভাগের মধ্যে অগ্রগতি সর্বনিম্নে রয়েছে এমন দপ্তরের তালিকা করে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনারকে পত্র প্রদান করতে হবে।	সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬
সিদ্ধান্ত-(গ) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণের গত ৩ মাসের পরিদর্শনের বিষয়বস্তু পর্যালোচনার নিমিত্ত পরিদর্শন প্রতিবেদনের সারসর্ম দাখিলের জন্য পত্র দিতে হবে।	সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬



সিদ্ধান্ত-(ঘ) ভূমি মন্ত্রণালয়, ভূমি সংস্কার বোর্ড, A2i ও সংশ্লিষ্ট আইটি প্রতিষ্ঠানকে নিয়ে বোর্ডে আলোচনা সভা আয়োজন করতে হবে।	সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬
সিদ্ধান্ত-(ঙ) যে সব জেলা/উপজেলা ই-মিউটেশন উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে তাদের অগ্রগতি অব্যাহত রাখার অনুরোধসহ ধন্যবাদ পত্র প্রদান করতে হবে।	সহকারী ভূমি সংস্কার কমিশনার-৬

সভায় আর কোন আলোচনা না থাকায় সভায় প্রত্যেকের অংশগ্রহণমূলক আলোচনা ও স্বতঃস্ফূর্ত পরামর্শ/প্রস্তাব উপস্থাপনের জন্য উপস্থিত সকলকে সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৬.০২.২০২০


(মো. আবদুল মান্নান)  
চেয়ারম্যান  
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

স্মারক নং-৩১.০২.০০০০.০১৬.৩১.০০৫.১৯. ১৫

তারিখঃ ১৭ মাঘ ১৪২৬  
১০ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপ-ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা/বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
- ৫। সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা (কার্যবিবরণীটি ভূমি সংস্কার বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(মোঃ রেজাউল করিম)  
(উপসচিব)

সহকারী ভূমি সংস্কার কমিশনার  
ভূমি সংস্কার বোর্ড  
ফোন নং ৯৫৬২৬৭১  
ই-মেইল —alrc6@lrb.gov.bd